বিএন ওয়েবসাইটে প্রকাশের নিমিত্তে সচিত্র প্রতিবেদন-আগস্ট ২০২৪

১। **নৌ কমান্ডোদের In Aid to Civil Power এ অংশগ্রহণ**। বর্তমান পরিস্থিতিতে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা/স্থান এবং দূতাবাসে সহিংসতা, নাশকতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকান্ড রোধকল্পে In Aid to Civil Power এর আওতায় অত্র কমান্ডের নৌ কমান্ডো কর্মকর্তা ও নাবিকগণ কর্মরত রয়েছে।

চিত্রঃ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা/স্থান এবং দূতাবাসে In Aid to Civil Power এর আওতায় নৌ কমান্ডো কর্মকর্তা ও নাবিক মোতায়েন।

২। **নদী ও বন্দর এলাকায় নৌ কমান্ডোদের In Aid to Civil Power এ অংশগ্রহণ**। বর্তমান পরিস্থিতিতে দেশের অর্থনীতি সচল রাখার লক্ষ্যে এবং দেশের প্রধান নদী বন্দর এর কার্যক্রম সচল ও নিরাপদ রাখার লক্ষ্যে In Aid to Civil Power এর আওতায় সোয়াড্স কমান্ডের নৌ কমান্ডো কর্মকর্তা ও নাবিকগণ কর্মরত রয়েছে।

চিত্রঃ নদী ও বন্দরে কমান্ডোদের নিরাপত্তা বোট টহল কার্যক্রম।

৩। **<u>সংঘটিত উল্লেখযোগ্য ঘটনা/ দুর্ঘটনা</u>**। আগস্ট

আকস্মিকভাবে স্মরণকালের সবচেয়ে ভয়াবহ বন্যার কবলে পড়ে ক্ষতিগ্রস্ত হয়। ভারী বর্ষণে পানিবন্দি হয়ে পড়ে অসংখ্য অসহায় মানুষ। এপ্রেক্ষিতে, গত ২১ আগস্ট ২০২৪ তারিখে বন্যাকবলিত এলাকায় মানুষদের নিরাপদ স্থানে সরিয়ে নিতে এবং প্লাবিত এলাকা সমূহে জানমালের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে সোয়াড্স কমান্ডের ডুবুরি কর্মকর্তা লেঃ এস এম বেলাল হোসেন, (এসডি) (ট্যাজ), বিএন (পি নং ৩১২৮) এর নেতৃত্বে একটি ডাইভিং এন্ড রেসকিউ টিম উক্ত এলাকায় উদ্ধার অভিযানে অংশগ্রহণ করেন।

চিত্রঃ ফেনী জেলার ফুলগাজী উপজেলায় বন্যাকবলিত এলাকার বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণের সময় মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক পরিদর্শন।

চিত্রঃ বন্যাকবলিত অসহায় মানুষদের মাঝে ত্রাণ বিতরণ।